

## ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৫৬৭

পর্ব-১১: হজ (১৯৯০ । ১৯৯১)

পরিচ্ছেদঃ ৩. প্রথম অনুচ্ছেদ - মক্কায় প্রবেশ করা ও তাওয়াফ প্রসঙ্গে

بَابُ دُخُوْلِ مَكَّةَ وَالطَّوَافِ

আরবী

وَعَنِ الزُّبَيْرِ بْنِ عَرَبِي قَالَ: سَأَلَ رَجُلُ ابنَ عمرَ عَنِ اسْتِلَامِ الْحَجَرِ فَقَالَ: رَأَيْتُ رَسُولَ النَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَسْتَلِمُهُ وَيُقَبِّلُهُ. رَوَاهُ البُخَارِي

বাংলা

২৫৬৭-[৭] যুবায়র ইবনু 'আরাবী (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একবার এক ব্যক্তি 'আব্দুল্লাহ ইবনু 'উমার (রাঃ) কে হাজারে আসওয়াদে 'চুমু দেয়া' প্রসঙ্গে জিজ্ঞেস করলো। 'আব্দুল্লাহ ইবনু 'উমার (রাঃ) জবাবে বললেন, আমি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে তা স্পর্শ করতে ও চুমু দিতে দেখেছি। (বুখারী)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ১৬১১, নাসায়ী ২৯৪৬, তিরমিয়ী ৮৬১, আহমাদ ৬৩৯৬, সুনানুল কুবরা লিল বায়হাকী ৯২২২।

## ব্যাখ্যা

ব্যখ্যা: লোকটি 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) কে হাজারে আসওয়াদ স্পর্শ করা ও চুম্বন করা সম্পর্কে প্রশ্ন করেছে। তার মনে প্রশ্ন ছিল পাথরকে স্পর্শ করা ও চুম্বন করা কীভাবে সুন্নাত হতে পারে? উত্তরে 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) এ হাদীস বর্ণনা করেছেন যার দ্বারা হাজারে আসওয়াদ স্পর্শ করা ও চুম্বন করার বিষয়টি সুন্নাত বলে প্রমাণিত হয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন